

২ হাজার ৬০০ নবীন শিক্ষার্থীকে স্বাগত জানালো নর্থ সাউথ ইউনিভার্সিটি

দৈনিকশিক্ষা প্রতিবেদক | ১৬ জুলাই, ২০২৩

নর্থ সাউথ ইউনিভার্সিটির গ্রীষ্মকালীন সেমিস্টার ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চারটি স্কুলের ১৬টি বিভাগে স্নাতক (সম্মান) ডিগ্রির জন্য ভর্তি হওয়া ২ হাজার ৬০০ জনেরও বেশি নবীন শিক্ষার্থীকে স্বাগত জানানো হয়। ভর্তি পরীক্ষায় অসাধারণ পারফরম্যান্সের জন্য শিক্ষার্থীদের মধ্যে ৬৬ জনকে মেধাভিত্তিক বৃত্তি দেয়া হয়। একইসঙ্গে নর্থ সাউথ ইউনিভার্সিটি মুক্তিযোদ্ধা কোটার অধীনে ভর্তি হওয়া ৪০ জন শিক্ষার্থীকে বিনামূল্যে পড়াশোনার অনুমতি দিয়েছে।



সেমিস্টার-ভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রাম নবীনদের জন্য একটি উল্লেখযোগ্য ইভেন্ট হিসাবে কাজ করে। এর লক্ষ্য হল বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি এবং একাডেমিক পদ্ধতির সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করা।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান জাভেদ মুনির আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিওটি সদস্য ইয়াসমিন কামাল। অধিবেশনে সভাপতিত্ব করেন অধ্যাপক আতিকুল ইসলাম। জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা

হয়, এরপর এনএসইউর ওপর একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

এনএসইউর রেজিস্ট্রার ড. আহমেদ তাজমীন নতুন ব্যাচের শিক্ষার্থীদের উদ্দেশে স্বাগত বক্তব্য দেন। স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিক্সের ডিন অধ্যাপক ড. হেলাল আহমেদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান স্কুলের ডিন আবদুর রব খান, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সের ডিন অধ্যাপক ড. জাভেদ বারী এবং স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সের ডিন অধ্যাপক ডা. হাসান মাহমুদ রেজা তাদের নিজ নিজ স্কুলের পরিচয় দেন।

জাভেদ মুনির আহমেদ শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার যাত্রার জন্য এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের তাৎপর্য ব্যক্ত করেন। তিনি শ্রেণিকক্ষ, শিক্ষক এবং সহপাঠীদের কাছ থেকে শেখার মূল্যের ওপর জোর দিয়ে তাদের মনোযোগী হতে উৎসাহিত করেন। তিনি নর্থ সাউথ ইউনিভার্সিটিতে অর্জিত দক্ষতার ভূমিকা তুলে ধরেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশের রূপকল্প বাস্তবায়নে এই দক্ষতার গুরুত্ব উল্লেখ করেন।

ইয়াসমিন কামাল এনএসইউকে তাদের সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বেছে নেয়ায় অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। শিক্ষার্থীরা বাংলাদেশের অনুকরণীয় নাগরিক হয়ে উঠবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অধ্যাপক আতিকুল ইসলাম শিক্ষার্থীদের লক্ষ্য অর্জনে বিশ্ববিদ্যালয়ের সম্পদের সর্বোচ্চ ব্যবহার করার আহ্বান জানান। তিনি অভিভাবকদের তাদের সন্তানদের নির্দেশিকা এবং সহায়তা দেয়ার আহ্বান জানান, যাতে তারা মনোযোগী থাকে এবং তাদের শিক্ষাগত উন্নতির জন্য নিরলসভাবে কাজ করে।

নর্থ সাউথ ইউনিভার্সিটি সাংস্কৃতিক সংগঠনের সদস্যদের মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে নবীনবরন অনুষ্ঠানটি শেষ হয়।

© সর্বস্বত্ব সংরক্ষিত ২০১০-২০২৩

এই ওয়েবসাইটের কোনো লেখা, ভিডিও বা ছবি অনুমতি ছাড়া কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি

Privacy Policy

সম্পাদক: সিদ্দিকুর রহমান খান

যোগাযোগ: অফিস: ১২, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার প্লাজা (তৃতীয় তলা), মগবাজার, ঢাকা ১২১৭। সম্পাদকীয় ও বার্তা যোগাযোগ : ঢাকা ট্রেড সেন্টার, লেভেল-পাঁচ, ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা -১২১৫।

ফোন: +88-02-222224057 (নিউজ);+88-01886458534(নিউজ) +88-01752-443015 (বিজ্ঞাপন)

ই-মেইল: dainikshiksha@gmail.com(নিউজ) newsamaderbarta@gmail.com

বিজ্ঞাপন: +88-01757-514061(বিকাশ ও নগদ) ই-মেইল- ad.dainikshiksha@gmail.com

Close

Execution time: 0.0045070648193359